# 26962 - যে মেয়ে তার মায়ের অনুমতি ছাড়া একটি আংটি নিয়ে সেটি হারিয়ে ফেলেছে

প্রশ্ন

কোন একদিন আমি আমার মায়ের একটি আংটি তাঁকে না জানিয়ে নিয়ে গেছি এবং ভুলবশতঃ সেটি হারিয়ে ফেলেছি। তিনি আংটিটি খুঁজতেছিলেন। আমি তাকে বলিনি যে, আমি সেটি নিয়ে হারিয়ে ফেলেছি। উল্লেখ্য, সে সময় আমার বয়স ছিল ১২ বছর। এখন আমি এ কাজের জন্য অনুতপ্ত। আমি আমার সে গুনাহটির পায়শ্চিত্ত করতে চাই। এখন আমি কী করতে পারি। দয়া করে আমাকে জানাবেন। জাযাকুমুল্লাহু খাইরা।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আপনি অনুমতি ছাড়া আংটিটি নিয়ে এবং হারানোর পর আপনার মাকে না জানিয়ে ভুল করেছেন। এখন আপনার উপর আবশ্যক হলো আপনার মাকে বিষয়টি জানিয়ে তার কাছ থেকে মাফ চেয়ে নেয়া এবং সেই আংটির বদলে অন্য একটি আংটি আপনার মাকে ক্ষতিপূরণ দেয়া। কেননা যে ব্যক্তি কারো কোন জিনিস অনুমতি ছাড়া গ্রহণ করে সে ব্যক্তি আত্মসাৎকারী। সে যা আত্মসাৎ করেছে সেটার ক্ষতিপূরণ দেয়া তার উপর আবশ্যক। বালেগ না হওয়ায় অল্প বয়সের কারণে গুনাহ হবে না; তবে ক্ষতিপূরণ মওকূফ হবে না। আলেমদের নিকট প্রতিষ্ঠিত বিষয় হলো: কোন অল্প বয়স্ক ছেলে কোন কিছু নষ্ট করলে সেটার ক্ষতিপূরণ দেয়া তার উপর আবশ্যক এবং কোন কিছু নিয়ে সেটা ফেরত দিলেও এর মূল্য যতটুকু কমেছে ততটুকুর ক্ষতিপূরণ দেয়া আবশ্যক।

কিন্তু আপনার যদি প্রবল ধারণা হয় যে, এটি স্পষ্টভাবে উল্লেখ করলে আপনাদের সম্পর্ক নষ্ট হবে এবং আপনার সাথে আপনার মায়ের ঝগড়া হবে; তাহলে আপনি কেবল আপনার মাকে আংটিটি দিয়ে দিন। এমনকি বাহ্যতঃ সেটি উপহার হিসেবে দেয়া হলেও।

আল্লাহই সর্বজ্ঞ।